

রেজিস্ট্রার দপ্তর  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০, বাংলাদেশ  
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫  
ই-মেইল: registrar@jnu.ac.bd



জবি/প্রশা-৩২/২০০৭/ ৭৯১

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৮  
২৭ সেপ্টেম্বর, ২০২১

পরিচালক/চেয়ারম্যান

..... ইনস্টিটিউট/বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়:** অতি জরুরিভিত্তিতে শিক্ষার্থীদের টিকা গ্রহণের তথ্যাদি স্টুডেন্ট পোর্টালে প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, ইতিপূর্বে বিভিন্ন ইনস্টিটিউট/বিভাগ থেকে নির্ধারিত ছকে শিক্ষার্থীদের টিকা গ্রহণের তথ্য চাওয়া হয়েছিল। কিন্তু বিভিন্ন ইনস্টিটিউট/বিভাগ ভিন্ন ভিন্ন ফরমেটে তথ্য প্রদান করায় এবং কিছু বিভাগ এক্সেল ফরমেটে না দেওয়ায় তথ্যসমূহ compile (সংকলন) করা যাচ্ছে না। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে শিক্ষার্থীদের টিকা গ্রহণের তথ্য প্রেরণের জন্য বার বার তাগাদা প্রদান করছে। সরকার যেহেতু স্ব স্ব বিশ্ববিদ্যালয়কে শিক্ষার্থীদের টিকা গ্রহণ সাপেক্ষে বিশ্ববিদ্যালয় খোলার বিষয়ে দায়িত্ব প্রদান করেছে তাই সকল শিক্ষার্থীকে টিকার আওতায় আনার জন্য টিকা গ্রহণ সংক্রান্ত তথ্যাদি অতিব জরুরিভিত্তিতে প্রয়োজন।


অতএব, আপনার ইনস্টিটিউট/বিভাগের শিক্ষার্থীদের নিম্নবর্ণিত তথ্যাদি আগামী ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে স্টুডেন্ট পোর্টালে লগইন করে জরুরিভিত্তিতে ইনপুট দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র নম্বর (NID)	টিকার জন্য নিবন্ধিত	১ম ডোজ গ্রহণ	২য় ডোজ গ্রহণ	নিবন্ধন করেননি	NID নাই
---	---------------------	--------------	---------------	----------------	---------

বিষয়টি অতিব জরুরি এবং বিশ্ববিদ্যালয় খোলার সাথে সম্পর্কযুক্ত বিধায় গুরুত্বের সাথে বিবেচনা করতে অনুরোধ করছি।

বিশেষ দ্রষ্টব্য: এ বিষয়ে শ্রেণী শিক্ষক এবং/অথবা শ্রেণী প্রতিনিধির সহায়তা নেয়া যেতে পারে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার

তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০২১

জবি/প্রশা-৩২/২০০৭/ ৭৯১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১-০৬। ডীন, সকল অনুমদ, জবি;
- ০৭-০৮। পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস (সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী/গবেষককে অবহিত করার অনুরোধসহ), জবি;
- ০৯-৪৪। চেয়ারম্যান, সকল বিভাগ (সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী/গবেষককে অবহিত করার অনুরোধসহ), জবি;
- ৪৫। প্রভোস্ট, জবি;
- ৪৬। প্রক্টর, জবি;
- ৪৭-৫১। পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/আইসিটি (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)/পিআরআইপি (জবি ফেসবুক পেজসহ বহল প্রচারের অনুরোধসহ), জবি;
- ৫২। পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
- ৫৩। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৫৪। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৫৫। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

  
(মোহাম্মদ মশিরুল ইসলাম)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)